



স্মারক নং-৩৪.০১.১৯০০.০০০.৫২.৩৪৯.১১-৪৮৭

তারিখ : ১৭/০৬/২০২১খ্রিঃ

“ ভর্তি বিজ্ঞপ্তি ”

কুমিল্লা জেলার ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা জেলা কার্যালয়ের আওতাধীন নিম্নলিখিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী বেকার যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্স সংক্রান্ত তথ্য :

নং	কোর্সের নাম	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	দরখাস্ত জমার শেষ তারিখ	সাক্ষাৎকার গ্রহণের তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ	কোর্স ফি
০১	মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন	এইচ.এস.সি	০৬ মাস	৪০	২৮/০৬/২০২১	৩০/০৬/২০২১	০৪/০৭/২০২১	৫০০/-
০২	কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন	এইচ.এস.সি	০৬ মাস	৭০	২৮/০৬/২০২১	২৯/০৬/২০২১	০৪/০৭/২০২১	১০০০/-
০৩	ইলেকট্রনিক্স	৮ম শ্রেণী	০৬ মাস	৩০	৩০/০৬/২০২১	০১/০৭/২০২১	০৪/০৭/২০২১	৩০০/-
০৪	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	৮ম শ্রেণী	০৬ মাস	৩০	৩০/০৬/২০২১	০১/০৭/২০২১	০৪/০৭/২০২১	৩০০/-
০৫	পোশাক তৈরী	৮ম শ্রেণী	০৩ মাস	২৫	৩০/০৬/২০২১	০১/০৭/২০২১	০৪/০৭/২০২১	৫০/-

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী :

- উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা কার্যালয়ে নির্ধারিত ফরমে (ক) নাম (খ) পিতার/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) জন্ম তারিখ উল্লেখপূর্বক ভর্তির আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদন ফরমের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমাণের প্রত্যয়ন পত্র (খ) জাতীয় পরিচয়পত্র বা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্র/প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ছায়াছবি (গ) সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ও ২ কপি স্ট্যাম্প সাইজের ছবিসহ নির্ধারিত তারিখের মধ্যে ফরম সংগ্রহপূর্বক পূরণ করে জমা দিতে হবে।
- প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- প্রার্থীকে নিজ খরচে উল্লেখিত তারিখে সকাল ১০.০০ টায় সাক্ষাৎকার প্রদানের জন্য নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়, যুব ভবন, যুব উন্নয়ন অধিদপ্তর, কৃষ্ণনগর, দুর্গাপুর, আলেখারচর বিশ্বরোড কুমিল্লায় হাজির হতে হবে।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুব মহিলা প্রার্থীদের নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে। এ মর্মে মেয়র/ইউপি চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- নির্বাচিত প্রার্থীদের নিয়মিত ক্লাশে উপস্থিত থাকতে হবে। একাধারে তিন দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ক্লাশে অনুপস্থিত থাকলে ভর্তি বাতিল করা হবে।
- ভর্তির সময় নির্বাচিত প্রার্থীগণকে নিজের মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ইমেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।
- উল্লেখ্য যে, মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন ও পোশাক তৈরী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ ভাতা/যাতায়াত ভাত হিসেবে জন প্রতি ১০০/- (একশত টাকা) প্রতি কর্ম দিবসে উপস্থিতির ভিত্তিতে (কোর্স শেষে) প্রদান করা হবে।
- কোর্সসমূহ সম্পূর্ণ অনাবাসিক।

১৭.০৬.২০২১

মোঃ সামসুজ্জামান

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।

মোবাইলঃ ০১৭৮০৪১৮২৬২

ddcomilla@dyd.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুমিল্লা (বিজ্ঞপ্তিটি আপনার আওতাধীন সকল ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে বহুল প্রচারের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল), কুমিল্লা।
- ০৪। নোটিশ বোর্ডঃ সাবরেজিস্টারের কার্যালয়/জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস/জনশক্তি ও কর্মসংস্থান অফিস/সমাজসেবা অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর/সমবায় অধিদপ্তর কুমিল্লা জেলা অফিস।
- ০৫। অফিস কপি।



১৭/০৬/২০২১

মোঃ সামসুজ্জামান

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।

মোবাইলঃ ০১৭৮০৪১৮২৬২

ddcomilla@dyd.gov.bd